

টাকাইলে পরীক্ষার খাতা জালিয়াতি চক্রের দূজন শ্রেষ্ঠার

টাকাইল প্রতিদিন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স দ্বিতীয়
বর্ষের পরীক্ষার খাতা জালিয়াতির
সঙ্গে জড়িত অভিযোগে দুজনকে
শ্রেষ্ঠার করেছে টাকাইলের গোয়েন্দা
পুলিশ। নোমবার সন্ধ্যায় শহরের
পৃথক দুটি স্থান থেকে তাদের শ্রেষ্ঠার
করা হয়। শ্রেষ্ঠারকৃতরা হচ্ছে সরকারি
স্বাস্থ্য কলেজের হিসাববিজ্ঞান
বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র, যনিরুল
সালেহ ওয়াফে রুমন এবং একই
কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয়
বর্ষের ছাত্র আব্দুল্লাহ।

ডিবির ইন্সপেক্টর হুমায়ুন কবির
আকম্ম জানান, গোপন সংবাদের
ভিত্তিতে জানতে পেরে শহরের
সুন্দরকন কুরিয়ার সার্ভিসে অভিযান
চালায়ে রুমনকে খাতা জালিয়াতির
তিনটি প্যাকেটসহ শ্রেষ্ঠার করা হয়।
পরে তার তথ্যমতে, শহরের
শিবনাথপাড়ার একটি হাটবাস থেকে
আব্দুল্লাহকে শ্রেষ্ঠার করে পুলিশ। এ
সময় আব্দুল্লাহর ক্রম থেকে ১৫টি নতুন
করে হাতে দেখা খাতা, ৪৯টি সাদা
খাতা, ৩০টি খাতার নতুন কভার,
১৮টি অতিরিক্ত খাতা, ১৮টি ওয়েয়ার
সিট, ২০০টি সাদা খাতা উদ্ধার করা
হয়।

তারিখ: অনেক দিন ধরে জাতীয়
বিশ্ববিদ্যালয়ের একটি চক্রের সঙ্গে
যোগসাজপ করে খাতা জালিয়াতি করে
আসছে বলে পুলিশকে জানায়।